গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ
মৎস্য ভবন, রমনা, ঢাকা
www.fisheries.gov.bd

নং: ৩৩.০২.০০০০.১১৪.০৮.০৮৯.২৩-১৭৯ তারিখ: ০২/১০/২০২৩ খ্রি.

বিষয়: **আশ্রয়ণ প্রকল্পে মৎস্য উৎপাদন বৃদ্ধির মাধ্যমে প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে মৎস্য অধিদপ্তর কর্তৃক প্রকল্প গ্রহণের নিমিত্ত তথ্য প্রেরণ প্রসঙ্গে।**

সূত্রঃ মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ২৬/০৯/২০২৩ খ্রি. তারিখের ৩৩.০০.০০০০.১৩৬.১৪.০১১.২৩.১০৬ সংখ্যক স্মারকপত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের আওতাধীন নিঃস্ব, সহায়-সম্বলহীন, হতদরিদ্র, ভূমিহীন জনসাধারণের জন্য সারাদেশে আশ্রয়ণ প্রকল্প বাস্তবায়িত হয়েছে। অনেক আশ্রয়ণ প্রকল্পে মাছ চাষের উপযোগী জলাশয় রয়েছে অথবা আশ্রয়ণ প্রকল্প সংলগ্ন মুক্ত জলাশয় রয়েছে, যেখানে খাঁচায় মাছ চাষের সম্ভাবনা রয়েছে। আশ্রয়ণ প্রকল্পের এসব জলাশয়ে মৎস্য উৎপাদন বৃদ্ধি ও প্রান্তিক জনগোষ্ঠীর পুষ্টির চাহিদা পূরণসহ তাদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নের লক্ষ্যে একটি উন্নয়ন প্রকল্প গ্রহণের সুযোগ রয়েছে।

০২। এমতাবস্থায়, সংযুক্ত ছকে আগামী ২০/১০/২০২৩ খ্রি. এর মধ্যে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

২/১০/২০২৩

(খঃ মাহবুবুল হক)
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
ফোন: ০২-২২৩৩৮২৮৬১
ই-মেইল: dg@fisheries.gov.bd

সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল)
...............................
...............................

অনুলিপি: অবগতি/কার্যার্থে

১. প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য জরীপ ও পরিকল্পনা), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
২. বিভাগীয় উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ। উপজেলা ও জেলা হতে তথ্য সংগ্রহপূর্বক বিভাগভিত্তিক সংকলিত প্রতিবেদনের এক্সেল ফাইল rajuahmeddof@gmail.com ই-মেইলে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৩. জেলা প্রশাসক (সকল)।
৪. জেলা মৎস্য কর্মকর্তা (সকল)।
৫. উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল)।
৬. সংশ্লিষ্ট নথি।

(মুহাম্মদ মামুনুর রশিদ)
জেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ)

## ছক: আশ্রয়ন প্রকল্পে মৎস্য উৎপাদন বৃদ্ধির মাধ্যমে প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে মৎস্য অধিদপ্তর কর্তৃক প্রকল্প গ্রহণের নিমিত্ত তথ্য

| ক্র. নং | আশ্রয়ণ প্রকল্পের নাম ও অবস্থান (ইউনিয়ন, উপজেলা, জেলা) | সুফলভোগী পরিবারের সংখ্যা | পুকুরের সংখ্যা | পুকুরের জলায়তন (শতাংশ) | পুকুরের গড় গভীরতা (ফুট) | গড় উৎপাদন (কেজি/ শতাংশ) | পুকুর সংস্কার/ পুনখননের প্রয়োজনীয়তা আছে/নেই | প্রয়োজন থাকলে কত ফুট গভীর করা প্রয়োজন | সম্ভাব্য কার্যক্রম | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| | | | | | | | | | | |

বি. দ্র.: তিন পার্বত্য জেলা হতে তথ্য প্রেরণের প্রয়োজন নেই।

২/১০/২৬
(মুহাম্মদ মামুনুর রশিদ)
জেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ)
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
মৎস্য পরিকল্পনা-২ শাখা
www.mofl.gov.bd

স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১৩৬.১৪.০১১.২৩.১০৬

তারিখ: ১১ আশ্বিন ১৪৩০
২৬ সেপ্টেম্বর ২০২৩

বিষয়: **মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের আওতাধীন "আশ্রায়ন প্রকল্পে"র সুফলভোগীদের জীবনমান উন্নয়নে প্রাণিসম্পদ অধিদপ্তর এবং মৎস্য অধিদপ্তর কর্তৃক প্রকল্প প্রস্তাব প্রেরণ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের আওতাধীন "আশ্রয়ণ প্রকল্প" হতে সারাদেশে নিঃস্ব, সহায়-সম্বলহীন, হতদরিদ্র ভূমিহীন জনসাধারণের বসবাসের জন্য গৃহ নির্মাণ করে দেয়া হয়েছে/হচ্ছে। আশ্রয়ণ প্রকল্পে বসবাসরত জনসাধারনের মধ্যে বিপুল সংখ্যক কর্মক্ষম নারী ও পুরুষ রয়েছেন যাদের প্রাণিসম্পদ যেমনঃ গরু, ছাগল, হাঁসমুরগী ইত্যাদি পালন বিষয়ে প্রশিক্ষণ ও উপকরন দিয়ে আয়বর্ধণমূলক কার্যক্রমের মাধ্যমে জীবনমান উন্নয়নের সুযোগ রয়েছে। অপরদিকে উল্লেখযোগ্য সংখ্যক আশ্রয়ণ প্রকল্পে মাছ চাষের উপযোগী পুকুর/জলাশয় রয়েছে অথবা আশ্রয়ণ প্রকল্প সংলগ্ন মুক্ত জলাশয় রয়েছে, যেখানে খাঁচায় মাছ চাষ করা সম্ভব। তাই এখানে বসবাসকারীদের মৎস্য চাষের প্রশিক্ষণ ও উপকরণ দিয়ে মাছের উৎপাদন বৃদ্ধি ও কর্মসংস্থানেরও সুযোগ রয়েছে।

০২। আশ্রয়ণ প্রকল্পের আওতায় বসবাসকারী সুফলভোগীগণ সরকারি বিভিন্ন যাচাই-বাছাই প্রক্রিয়ার মাধ্যমে নির্বাচিত হয়েছেন। সুতরাং এখানে সুফলভোগী নির্বাচনে কোন ঝামেলা নেই। সুফলভোগীগণ নির্দিষ্ট সীমানার মধ্যে নিয়মকানুন মেনে বসবাস করেন। তাই সারাদেশের এ সকল প্রকল্পের বিপুল সম্ভবনাময় মানবসম্পদ ব্যবহার করে প্রাণিসম্পদ এবং মৎস্য উৎপাদন বৃদ্ধি ও তাঁদের পুষ্টির চাহিদা পূরণের সুযোগ থাকায় প্রকল্প গ্রহণ করে তা বাস্তবায়ন করা যেতে পারে।

০৩। বর্ণিতাবস্থায়, দেশের ৩টি পার্বত্য জেলা বাদে সারা দেশের আশ্রয়ণ প্রকল্পে প্রাণিসম্পদ ও মৎস্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রাণিসম্পদ অধিদপ্তর এবং মৎস্য অধিদপ্তর কর্তৃক সম্ভাব্যতা যাচাই করে উপযুক্ত প্রতীয়মান হলে নিম্নরূপ প্রকল্প প্রণয়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

| প্রস্তাবিত প্রকল্পের নাম | বাস্তবায়নকারী সংস্থা |
|---|---|
| আশ্রয়ণ প্রকল্পে প্রাণিসম্পদ উৎপাদন বৃদ্ধির মাধ্যমে প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন প্রকল্প | প্রাণিসম্পদ অধিদপ্তর |
| আশ্রয়ণ প্রকল্পে মৎস্য উৎপাদন বৃদ্ধির মাধ্যমে প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন প্রকল্প | মৎস্য অধিদপ্তর |

২৬-৯-২০২৩
মোহাঃ মোজাম্মেল হক
উপসচিব
ফোন: ২২৩৩৮১৬৭৭
ফ্যাক্স: 9512220
ইমেইল: fisherieplanning-2@mofl.gov.b

বিতরণ :

১) মহাপরিচালক (চলতি দায়িত্ব), মহাপরিচালকের দপ্তর, মৎস্য অধিদপ্তর

২) মহাপরিচালক (চলতি দায়িত্ব), প্রাণিসম্পদ অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১৩৬.১৪.০১১.২৩.১০৬/১(৫)

তারিখ: ১১ আশ্বিন ১৪৩০
২৬ সেপ্টেম্বর ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

২) সচিবের একান্ত সচিব , সচিবের দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

৩) ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

৪) ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা-২ অধিশাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

৫) ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা-১ অধিশাখা , মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

২৬-৯-২০২৩
মোহাঃ মোজাম্মেল হক
উপসচিব